( সত্য ও শিক্ষার জন্য লিখিত। )

# রূপবান কন্যার কবিতা

# শুভোবিবাহ



রচয়িতা—মোঃ নুর আলি মোল্লা

প্রকাশক মোঃ মমিন মোল্লা

সং—আঁচনা, পোঃ—বিদ্যাধরপুর,

থানা—মন্দির বাজার জেলা ২৪ পরগণা

রেজিঃ— ১৯৯ মূল্য—১০ পঃ

প্রতমে বন্দনা করি গো ওই না আল্লার চরণে গো

উত্তরে বন্দনা গো ওই না পর্ব্বত হিমালয়ে গো

দক্ষিণে বন্দনা করি গো, ওই না বনবিবির পায়ে গো,

পূর্ব্বদিকে বন্দনা করি গো. ওই না উদয়গিরি ভানু গো।

পশ্চিমে বন্দনা করি গো, ওই না মক্কা মদিনায় গো,

—শুন ২ ভাই সকলে গো রূপবান যাত্রার গান গো।

রূপবান। কি বলিলি কি শুনাইলিরে ও পাগলরে

আবার বল শুনিরে বনের পাগল পাগলরে রূপবান।

কিসের লেখা, কিসের পড়া গো ও দাইমা

গো, কিছুই ভাল লাগে না ও মোর দাইমা দাইমা গো।

পাড়ার লোকে বলে সবাই গো ও রূপবান

তোমার হবে বিয়ে গো।

শুনো রূপবান গো।

কি জানি কি শুনি দাইমা গো ও দাইমা কি শুনিলাম

কানে গো ও মোর দাইমা দাইমা গো।

রূপবান। আমার বাড়ীর দক্ষিন পার্শ্বে গো

ও হয় কিসের বাদ্য বাজে গো, ও মোর দাইমা

দাইমা গো। ঢাক বাজে আর ঢোলক বাজে গো

ও দাইমা তালে বাজে কাঁসি গো,

ও মোর দাইমা দাইমা গো।

বাজাইতে বাজাইতে আসে গো ও দাইমা

আমাদেরও বাড়ীতেগো ও মোর দাইমা দাইমা গো

রূপবান। শুনো শুনো শুনো দাদু গো ও দাদু
বলি যে তোমারে গো শোন দাদু দাদু গো।
বার দিনের শিশুর সঙ্গে গো ও দাদু
কোন দেশে বিয়ে গো শোন দাদু দাদু গো।
রূপবান। জোয়ার ও যৌবন আমার গো ও দাইমা
যাবে গাঙ্গের ভাটি গো ও মোর দাইমা দাইমা গো।
ভাতের ক্ষুদা লাগলে পরে গো ও দাইমা
পানিতে কি সারে গো, ও মোর দাইমা দাইমা গো।
গাঙে যখন জোয়ার আসে গো ও দাইমা
নদী ভরা পানি গো ও মোর দাইমা দাইমা গো।
ভ্রমর বিনে ফুলের মধু গো ও দাইমা
যাবে শুকাইয়া গো, শোন দাইমা দাইমা গো।
রূপবান। হাতে ধরি পায়ে ধরি গো ও দাদু
মুক্তি করো পিতারে, শোন দাদু দাদু গো।
রূপবান। মেরোনা মেরোনা জহলাদরে ও জহলাদ
আমার প্রাণের পিতারে দারুন জহলাদ ভাইরে।
কি কারণে মার জহলাদরে ও জহলাদ
আমার প্রানের পিতারে, দারুণ জহলাদ ভাইরে।
হাতে ধরি পায়ে ধরি গো, ও জহলাদ মুক্তি কর
কেঁদিয়া কেঁদিয়া তোমারে মোর দাদু দাদু গো।
কেঁদিয়া কেঁদিয়া দাদু গো ও দাদু
পিতারে, [illegible] জহলাদ জহলাদরে।

হস্তে ধরি বিনয় করিগো ও আব্ব ধরি আপনার পায়ে গো। বাঁচাও আমার পিতাকে ও আব্বা বাঁচাও আমার পিতাকে। আমি যাবো শ্বশুর বাড়ী গো, ও আব্বা বিদায় দেন আমারে গো। আমি যাব শ্বশুর বাড়ী গো ও আম্ম বিদায় দেন আমারে গো

ও মোর আম্ম ২ গো।

বেঁচে যদি থাকি আম্মা গো ও আম্মা আবার দেখা

হবে গো ও মোর আম্ম ২ গো।

বেঁচে যদি থাকি আব্বা গো ও আব্বা আবার দেখা হবে গো ও মোর আব্বা ২ গো। শুন শুন ও মোর আল্লা গো, ও আল্লা এই ছিল মোর কপালে

ও মোর আল্লা ২ গো।

ডান হাস্তে মোর দুধের পেয়ালা ও আল্লা বাম হাস্তে

মোর পতি গো দয়ার আল্লা ২ গো।

শ্বশুর শাশুড়ীর সেবা আল্লা গো ও আল্লা আমার ভাগ্যে হল না। শিশু পতির লইয়া আমি গো ও আল্লা চলিলাম জঙ্গলে গো। রাত পোহালে লোকে বলবে গো ও রূপবান ছেলে কোথায় পেলি গো।

শুন ২ ও মোর মাঝি গো ও মাঝি বলি যে তোমারে গো, শুন ঘাটের মাঝি গো। তোমরা আমার ধর্মের ভাইজান গো, ও ভাইজান আমি তোমার ভগনি গো, ডান হস্তে মোর দুধের পেয়ালা ও ভাইজান বাম হস্তে পতি গো। ভিক্ষা দাও গো নগরবাসি গো, আপনারা

ভিক্ষা দেন আমারে গো, শুন নগরবাসি গো পারের কড়ি দিব আমি গো আপনারা ভিক্ষা দেন আমারে গো। রূপবান—তোমরা আমার ধর্ম্মের ভাইজান গো, ও ভাইজান আমি তোমার ভগনি গো শুন ভাইজান ২ গো। ডান হস্তে মোর দুধের পিয়ালা ও ভাইজান বাম হস্ত মোর পতি গো। কে মাখাইবে তৈল কাজল গো ও বন্ধু

কে খাপয়াইবে দুগ্ধ গো

—নিদারুণ শ্যাম আমি তোমার লইয়া বনে আসিলাম তোমারে লইয়া বনে আসিলাম রে বন্ধু আমি তোমারে লইয়া বনে আসিলাম, খেয়োনা ২ বাঘ গো ও বাঘ বলি যে তোমারে গো বনের বাঘ ২ শিশু পতি খাইলে বাঘ গো ও বাঘ হইবে গুনাগার গো—বনের বাঘ ২ গো। তুমি আমার ধর্ম্মের বাপজান গো ও বাপজান আমি তোমার মেয়ে গো

ও মোর বাপ জান ২ গো।

রহিম—নাইকো মাতা নাইকো পিতা গো ও আল্লা নাই সহদর ভাই গো দয়ার আল্লা ২ গো। কে দেবে মোর জরির জামা গো, ও আল্লা আমার কেহ নাই গো। তাইজেল—শুন ২ ও মোর রহিম গো ও রহিম বলি যে তোমার।

কি কারনে মার বাদশা গো ও বাদশা
আমার প্রাণের পিতারে, খোদ বাদশা বাদশা গো।
বার দিনের শিশু লইয়া গো ও আব্বা চলিলাম
গহন বনে গো ও মোর আব্বা আব্বা গো।
শ্বশুর ও শাশুড়ীর সেবা গো ও আম্মা
আমার ভাগ্যে হলনা ও মোর আম্মা, আম্মা গো।
রূপবান। এই আশীর্ব্বাদ কর আম্মা গো ও আম্মা
আমি যেন ফিরে গো ও মোর আম্মা আম্মা গো।
এই আশীর্ব্বাদ কর আব্বা গো ও আব্বা
আমি যেন ফিরে গো ও মোর আব্বা আব্বা গো।
রূপবান। দ্বার ছাড়ো দ্বার ছাড়ো দারোয়ান গো
ও দারোয়ান দ্বার ছাড়ো আমার গো,
গেটের দারোয়ান ভাই গো।
রূপবান। রাত পোহালে বলবে লোকে গো
ও রূপবান ছেলে কোথায় পেলে গো
গেটের দারোয়ান দারোয়ান গো।
রূপবান। পার কর পার কর মাঝি গো ও মাঝি
পার করো আমারে গো ঘাটের মাঝি মাঝি গো।
রূপবান। বিধির ও কলমের লিখন গো ও মাঝি
কে খণ্ডাতে পারে গো ঘাটের মাঝি মাঝি গো।
রূপবান। বার দিনের স্বামীর লইয়া গো
দারোয়ান চললাম গহন বনে গো,
গেটেরর দারোয়ান ভাই গো।

রূপবান। তোমরা আমার ধর্ম্মের ভাইজান গো,
ও মাঝি ধর্ম্মের কাজ কর। গো।
ঘাটের মাঝি মাঝি গো।
রূপবান। বার দিনের স্বামী লইয়া গো ও মাঝি
চললাম গহীন বনে গো, ঘাটের মাঝি মাঝি গো।
রূপবান। বিধির কলমের লিখন গো ও মাঝি
কে খণ্ডাতে পারে গো, ঘাটের মাঝি মাঝি গো।
রূপবান। দিওনা দিওনা মাঝি গো ও মাঝি
অমূল্য রত্ন গো ঘাটের বোকা মাঝি মাঝি গো।
যে টানছে সে নিয়েছেরে ও মাঝি
সাত রাজার ধনরে ঘাটের বোকা মাঝি গো।
রূপবান। খেয়োনা খেয়োনা বাঘরে ও বাঘ
খেয়োনা মোর পতিরে, বনের বাঘ বাঘরে।
আগে খাও আমারে বাঘরে ও বাঘ
পরে খেয়ো পতিরে, বনের বাঘ ও বাঘরে।
আমার পতির খাইলে বাঘরে ও বাঘ
ঠকবে খোদার কাছেরে বনের বাঘ বাঘরে।
রূপবান। নিরাশ্রয় হইয়া নারী গো ও এলাম
তোমার বাড়ী গো ও মোর নানী নানী গো।
রহিম। ছেঁড়া জামা ছেঁড়া ধুতি গো ও আল্লা
আমার ভাগ্যে হলো ও মোর আল্লা আল্লা গো।
রহিম। কোথায় পাব টাকা পয়সা গো ও আল্লা

কেবা প্রাণের বান্ধাব হইয়া গো ও আল্লা তাল্লা কিন্দে
দেবে ঘোড়া গো ও মোর আল্লা আল্লা গো
তাজেল আমি তোমার বন্ধোক হইয়া গো রহিম
কিনে দেবে ঘোড়া গো শোন রহিম গো
আমার যদি ভালবাস গো রহিম বৌবন
রহিম চাই না তোমার ভালবাসা গো তাজেল চাই না
তোমার ঘোড়া গো শুন তাজেল তজে গো
আমার দি দ জান্নতে পারলে গো ও তাজেল কিনে দেবে
শুন তাজেল তাজেল গো ।

—নকল গান—

মা বলে কচি কচি বাবা দেয় না বিয়ে আর কত কাল
রাখবো যৌবন আচোল ঢাকা দিয়ারে প্রাণ কাঁদে
প্রাণের বন্ধুরে — পিতা মাতা চাকরী করে মহারাজার
বাড়ী আমি একা আলোমতি ঘরে রহিতে নাহি পারিরে
প্রাণ কাঁদে প্রাণ বন্ধুরে —ফুল বাগানে আসি আমি
গাঁথি ফুলের মালা বিনা সুতোর মালা গেঁথে পরাই
বন্ধুর গলায় প্রাণ কাঁদে প্রাণের বন্ধুরে.
নাম টি আমার প্রেম কুমার আসি তোমার কাছে
পিপাসায় মোর জীবন যায় গো জল দাও না খেতে ।
প্রাণ কাঁদে পরান বন্ধুরে—বাটার করে পান বন্ধুর ও
খাইতে আমার ও যৌবন খানি দিলাম বন্ধুর হাতেরে
প্রাণ কাঁদে প্রাণের বন্ধুরে ... সমাপ্ত ...